

## কাপাসিয়ায় প্রশ্নফাঁস ধৃত ২, বহিষ্কার ২

প্রতিনিধি, কাপাসিয়া (গাজীপুর)

চলতি জেএসসি গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের দায়ে গতকাল সকালে কাপাসিয়া হরিমঞ্জুরী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে দুই সাতম থেকে ২ কলেজ ছাত্রীকে ধরফতার করা হয়েছে। এ সময় তাদের কাছ থেকে ২ টি সহ মোট ৮টি মোবাইল ফোন জব্দ করা হয়েছে। কাপাসিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মাকসুদুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে ওই কেন্দ্রে আশপাশে প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত একটি চক্রের সন্ধান পেয়ে সকাল সাড়ে ৯টার দিকে কাপাসিয়া উপজেলা কলেজের একাদশ ও স্নাতক শ্রেণীর দুই ছাত্রীকে আটক করে ধরফতার পৌঁদ করা হয়। পরে পরীক্ষা অনুষ্ঠিত হলে প্রশ্নপত্রের সাথে তাদের মোবাইল ফোনসহ প্রশ্নের পুরোপুরি মিল পাই।